

# মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি, বকশীগঞ্জ, জামালপুর এর সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ জাহিদুল ইসলাম  
 ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বকশীগঞ্জ, জামালপুর।  
 সময় : বেলা ১১.০০ ঘটিকা।  
 স্থান : উপজেলা সম্মেলন কক্ষ, বকশীগঞ্জ, জামালপুর।  
 তারিখ : ০৫/১২/২০২১ ইং।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগতম ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বকশীগঞ্জ, জামালপুর সভার কাজ পরিচালনা করেন। সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বকশীগঞ্জ, জামালপুর উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে বীর মুক্তিযোদ্ধাদের যে সকল কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে তা বিস্তারিত তুলে ধরা হলো। সভায় যে সকল বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় তা নিম্নে তুলে ধরা হলো-

| ক্র নং | আলোচ্য বিষয়                                  | আলোচনা   | গৃহিত সিদ্ধান্ত  | বাস্তবায়ন  |
|--------|---|--|--|---|
| ০১     | বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান কর্মসূচি | উপজেলা সমাজসেবা কার্যালয়, বকশীগঞ্জ, জামালপুর এ বরাদ্দ প্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীর সংখ্যা ২৯৩ জন। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা ডিজিটাল পদ্ধতিতে প্রদানের লক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাদের তথ্য সম্বলিত এমআইএস কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে। এছাড়া মৃত বীর মুক্তিযোদ্ধাদের ওয়ারিশদের মাঝে নীতিমালা অনুযায়ী সম্মানী ভাতা প্রতিস্থাপন ও বন্টন করা হয়ে থাকে। | বীর মুক্তিযোদ্ধাদের যথাসময়ে সম্মানী ভাতা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।   | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি., বকশীগঞ্জ শাখা, বকশীগঞ্জ, জামালপুর। |
| ০২     | বীর মুক্তিযোদ্ধাদের আবাসন প্রকল্প             | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বীর মুক্তিযোদ্ধাদের আবাসন প্রকল্পের আওতায় আবাসনের জন্য আবেদনের পরিপ্রেক্ষিতে যাচাই বাছাই অন্তে ২০২১-২০২২ অর্থ বছরে ৩২ জন অর্ধচল বীর মুক্তিযোদ্ধার জন্য আবাসন নির্মাণের জন্য উপজেলা আবাসন কমিটি সুপারিশ প্রেরণ করেন।   | দ্রুততম সময়ে উক্ত প্রকল্প যথাযথ ভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।  | উপজেলা সমাজসেবা কার্যালয়, বকশীগঞ্জ, জামালপুর।                    |
| ০৩     | উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স                 | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভাড়া প্রদান ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন।   | উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স অতি দ্রুত ভাড়া প্রদান করে নীতিমালা অনুযায়ী আয়কৃত অর্থ মুক্তিযোদ্ধাদের কল্যাণে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, বকশীগঞ্জ, জামালপুর।                       |
| ০৪     | মৃত বীর মুক্তিযোদ্ধাদের কবর সংরক্ষণ           | যে সমস্ত মৃত বীর মুক্তিযোদ্ধাদের কবর অরক্ষিত অবস্থায় রয়েছে তাদের কবর চিহ্নিত করে নামফলক ও বাউন্ডারী নির্মাণ করে সংরক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন।   | মৃত বীর মুক্তিযোদ্ধাদের কবর সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করা হলো।                                       | উপজেলা প্রশাসন, বকশীগঞ্জ, জামালপুর।                               |

উক্ত সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাহিদুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি,  
 বকশীগঞ্জ, জামালপুর।

স্মারক নং-৪১.০১.৩৯০৭.০০০.৯৯.০০২.২২

তারিখ:

সদস্য জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বকশীগঞ্জ, জামালপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বকশীগঞ্জ, জামালপুর।
- ৩। চেয়ারম্যান, ০৭ নং মেরুরচর ইউনিয়ন পরিষদ, বকশীগঞ্জ, জামালপুর-সদস্য।
- ৪। কোম্পানী কমান্ডার, বিজিবি কামালপুর ইউনিট, বকশীগঞ্জ, জামালপুর-সদস্য।
- ৫। উপজেলা শিক্ষা অফিসার, বকশীগঞ্জ, জামালপুর-সদস্য।
- ৬। জনাব মোঃ মফিজ উদ্দিন, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা ইউনিট কমান্ড, বকশীগঞ্জ, জামালপুর-সদস্য।
- ৭। জনাব মোঃ লুৎফর রহমান, বীর মুক্তিযোদ্ধা, সরদারপাড়া, মেরুরচর, বকশীগঞ্জ, জামালপুর-সদস্য।
- ৮। অফিস কপি।

  
 (মোহাম্মদ হাবিবুর রহমান)  
 উপজেলা সমাজসেবা কর্মকর্তা  
 বকশীগঞ্জ, জামালপুর।